বিভাগীয় মামলা নং-৯৬৪/২০২৫

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন
বিআইডব্লিউটিসি
নৌপরিবহন মন্ত্রণালয়
ফেয়ারলী হাউজ, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ
বাংলামটর, শাহবাগ, ঢাকা-১০০০
Website:www.biwtc.gov.bd

স্মারক নং-১৮.১২.০২৭.০৩.০৩.৯৬৪.২০২৫-৬৮৫ তারিখ: ০১/০৭/২০২৫ খ্রি.

## অভিযোগনামা

যেহেতু, আপনি মজিবুর রহমান (পাভেল), কোড নং-৯৫০৪২ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের এমএলবি-৯ জলযানে ভারপ্রাপ্ত যন্ত্রচালক হিসেবে কর্মরত ছিলেন; এবং

০২। যেহেতু, গত ০৭/১০/২০২৪ খ্রি. তারিখ দুপুর আনুমানিক ১.৩০ ঘটিকায় আপনি ডক-২ এর তৎসময়ের নির্বাহী প্রকৌশলী'র মাকে নিয়ে অশ্রাব্য ভাষায় গালিগালাজ করে রড নিয়ে তেড়ে এসে তার মাথায় বাড়ি দিতে উদ্যত হন। উক্ত সময় পাশে থাকা প্রকৌশলী মোঃ এনামুল হক আপনাকে তাৎক্ষণিকভাবে ধরে ফেলায় বর্ণিত কর্মকর্তা অনাকাঙ্খিত ঘটনা থেকে রক্ষা পান। উল্লিখিত ঘটনার সময় পাশে থাকা নুর আলম কুদ্দুস, সহকারী প্রকৌশলী (পূর্ত) আপনাকে বাধা দেওয়ার চেষ্টা করেও ব্যর্থ হন। পরবর্তীতে আপনি আবার রড নিয়ে তেড়ে এসে বর্ণিত কর্মকর্তার পেটে ঢুকানোর চেষ্টা করেন এবং তিনি কোনরকম দৌড়ে পালাতে সক্ষম হন। এতদবিষয়ে আপনাকে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনে কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এর ৪০ এর (ক) ও (খ) ধারায় অভিযুক্ত করত একই প্রবিধানমালার ৪৬(১) ধারা অনুযায়ী সংস্থার চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়। উল্লিখিত বিষয়টির উপর তদন্ত অনুষ্ঠিত হয়। তদন্তে ঘটনার সত্যতা পাওয়া যায়। আপনার এহেন আচরণ ও কার্যকলাপ চাকুরী নিয়ম শৃঙ্খলার পরিপন্থী ও কঠোর শাস্তিযোগ্য অপরাধ।

০৩। যেহেতু, আপনার এরূপ কার্যকলাপ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এর বিধানের পরিপন্থী এবং কঠোর শাস্তিযোগ্য অপরাধ;

০৪। সেহেতু, আপনাকে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এর ৪০ এর (ক) দায়িত্ব পালনে অবহেলা ও ৪০ এর (খ) অসদাচরণের দায়ে অভিযুক্ত করা হলো;

০৫। উল্লিখিত অভিযোগের দায়ে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এর ৪১(১) ধারা মোতাবেক কেন অপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহন করা হবে না তার ব্যাখ্যাসহ লিখিত জবাব অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিলের জন্য নির্দেশ দেয়া হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানী প্রদানে ইচ্ছুক কিনা অভিযোগের জবাবে তা উল্লেখ করার জন্য অনুরোধ করা হলো;

০৬। আপনার সদয় জ্ঞাতার্থে বিবেচ্য অভিযোগনামার প্রয়োজনীয় কাগজপত্রাদি এসাথে সংযুক্ত করা হলো।

১.৭.২০২৫

(মোঃ সলিম উল্লাহ)
চেয়ারম্যান
বিআইডব্লিউটিসি
ফোন: ০২২২৩৩৬০৬৭১
e-mail: chairman@biwtc.gov.bd

মজিবুর রহমান পাভেল
গ্রীজার (৩য় শ্রেণীর সনদধারী)
কোড নং-৯৫০৪২
(বর্তমানে সাময়িক বরখাস্তাধীন)
প্রযত্নে- জিএম (ইঞ্জিঃ), বিআইডব্লিউটিসি, ঢাকা।

স্মারক নং-১৮.১২.০২৭.০৩.০৩.৯৬৪.২০২৫-৬৮৫ তারিখ: ০১/০৭/২০২৫ খ্রি.

অনুলিপি:
১। পরিচালক (সকল), বিআইডব্লিউটিসি, ঢাকা।
২। জিএম (একাউন্টস/ইঞ্জিঃ), বিআইডব্লিউটিসি, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বিআইডব্লিউটিসি, ঢাকা- ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
৪। ডিসিপিএম (ফ্লিট), বিআইডব্লিউটিসি, বেইজ, নারায়ণগঞ্জ।
৫। নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিসি, ডক-২/৩, নারায়নগঞ্জ।
৬। ব্যক্তিগত নথি।
৭। দপ্তর লিপি।

০১/০৭/২০২৫
চীফ পার্সোনেল ম্যানেজার